

B.A. 3rd Semester (General) Examination, 2021(CBCS)

বাংলা (সাধারণ)

Course – SEC-1

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রদত্তমানের নির্দেশক

যথা সম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে

সময় – দুই ঘণ্টা

পূর্ণমান -80

উত্তরপত্র সর্বাধিক বারো পৃষ্ঠার মধ্যে সম্পূর্ণ করতে হবে

নিচের প্রশ্নগুলি থেকে যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দাও :

৮x৫=৪০

১) নিম্নরেখ পদগুলির কারক-বিভক্তি নির্ণয় করো (যে-কোনো পাঁচটি) :

- অ) আমি চঞ্চল হে।  
আ) চলল বাঘ বনে চলল।  
ই) দুধে দই হয়।  
ঈ) তোমায় গান শোনার।  
উ) ছুরিতে তার আঙুল কেটে গেল।  
ঊ) গ্রীষ্মকালে দিন বড়ো।

২) নির্দেশ অনুসারে বাক্য পরিবর্তন করো (যে-কোনো পাঁচটি) :

- অ) সত্যের নাহি পরাজয়। (অস্ত্যর্থক বাক্যে)  
আ) তিনি সচ্চরিত্র। (নঞর্থক বাক্যে)  
ই) প্রত্যহ মন দিয়ে লেখাপড়া করা উচিত। (অনুজ্ঞাবাচক বাক্যে)  
ঈ) বন্দুক থাকলে মোকাবেলা করা যেত। (জটিল বাক্যে)  
উ) যদি জেলেরা টের পায়, তবে থেকে যেতে হবে। (সরল বাক্যে)  
ঊ) ছিঃ! এ কী মানুষের কাজ! (নির্দেশক বাক্যে)

৩) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো (যে-কোনো পাঁচটি) :

মধুপ, শুচিবস্ত্র, ত্রিভুবন, পাপ-পুণ্য, নীলকণ্ঠ, পঞ্চবটী

৪) সন্ধি বিচ্ছেদ করো (যে-কোনো পাঁচটি) :

সূর্যোদয়, দেবেন্দ্র, পুষ্পাঞ্জলি, সজ্জন, শঙ্কর, মনোযোগ

৫) নিম্নরেখ পদগুলি কী ধরনের পদ, তা উল্লেখ করো (যে-কোনো পাঁচটি) :

- অ) রবীন্দ্রনাথ অসামান্য কবি।  
আ) সোহম লাল ফুল ভালোবাসে।  
ই) অনুপম মেধাবী কিন্তু খুব চঞ্চল।

ঈ) কবিতা বইটা পড়ছে।

উ) সে আজ খুব ক্লান্ত।

ঊ) ক্ষমা পরম ধর্ম।

- ৬) ব্যঞ্জনসন্ধি কাকে বলে? উদাহরণ সহযোগে ব্যঞ্জনসন্ধির যে-কোনো দুটি সূত্র বিশ্লেষণ করো।
- ৭) অব্যয় কাকে বলে? উদাহরণসহ যে-কোনো দুইপ্রকার অব্যয়ের পরিচয় দাও।
- ৮) ক্রিয়াপদ কাকে বলে? উদাহরণ দিয়ে ক্রিয়াপদের প্রকারভেদ বুঝিয়ে দাও।
- ৯) বাক্য কাকে বলে? উদাহরণ সহযোগে সরল বাক্য ও যৌগিক বাক্য বিশ্লেষণ করো।
- ১০) কারক কাকে বলে? উদাহরণ সহযোগে যে-কোনো দুইপ্রকার কারকের পরিচয় দাও।